

আমাদের মন্ত্র

মধ্যরাতে শিক্ষার্থীদের ওপর হামলা, আহত ১১

১৭ ফেব্রুয়ারি ২০২১ ০৯:৩২

আপডেট: ১৭ ফেব্রুয়ারি ২০২১ ০৯:৩৭



সংগ্রহীত ছবি

রাতের আঁধারে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনা ঘটেছে। এ সময় ১১ শিক্ষার্থী আহত হয়েছেন। গতকাল মঙ্গলবার রাত ১টার দিকে সড়ক অবরোধের জের ধরে এ হামলার ঘটনা ঘটে বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

আহতরা হলেন, মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের নুরুল্লাহ সিদ্দিকী, রসায়ন বিভাগের এস এম সোহানুর রহমান, পদাৰ্থবিজ্ঞান বিভাগের আহসানুজ্জামান, গণিত বিভাগের ফজলুল হক রাজীব, সমাজবিজ্ঞান বিভাগের আলীম সালেহী, বোটানি ও ক্রিপ সাইন্সের আলী হাসান, বাংলা বিভাগের মো. রাজন হোসেন এবং মার্কেটিং বিভাগের মাহবুবুর রহমান, মাহাদী হাসান ইমন, মিরাজ হাওলাদার ও সজীব শেখ। আহতরা বরিশাল শের ই বাংলা মেডিক্যাল কলেজ (শেবাচিম) হাস্পাতালে চিকিৎসাধীন রয়েছেন।

আহত শিক্ষার্থীরা জানান, মঙ্গলবার দুপুরের দিকে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে মারধর ও লাঞ্ছিত করেন বরিশাল নগরের রূপাতলী বাসস্ট্যান্ডের বিআরটিসি কাউন্টারের দায়িত্বরত স্টাফ রফিক। এ সময় সহপাঠীর ওপর হামলার প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের অন্য শিক্ষার্থীরা ওই কাউন্টারে ভাঙ্গুর চালান এবং বরিশাল-পটুয়াখালী মহাসড়ক অবরোধ করে বিক্ষেপ করেন। পরে রফিককে গ্রেপ্তার করা হলে শিক্ষার্থীরা ২ ঘণ্টা পরে সড়ক অবরোধ তুলে নেন।

শিক্ষার্থীদের দাবি, এর জের ধরে মঙ্গলবার দিবাগত রাত দেড়টার দিকে রূপাতলী হাউজিং এলাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও অবরোধের নেতৃত্ব দেওয়া মাহমুদুল হাসান তমালের মেসে আক্রমণ করেন পরিবহন শ্রমিকরা। এ সময় দুইজন

শিক্ষার্থীকে মারধর করে ডোবায় ফেলে দেন হামলাকারীরা।

ঘটনার সময় ফেসবুকে ভিডিও বার্তার মাধ্যমে মাহমুদুল হাসান তমাল সাহায্যের আহ্বান জানান। ভিডিও বার্তায় তিনি বলেন, 'শিপন মিয়ার নেতৃত্বে একদল লোক লার্টসোটা নিয়ে তার ছোট ভাইদের ওপর হামলা চালাচ্ছেন।'

আর এ ঘটনাটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তমালকে উদ্ধারে এগিয়ে আসেন পার্শ্ববর্তী বিভিন্ন মেসের শিক্ষার্থীরা। তখন ধারালো অস্ত্র ও লার্টসোটা দিয়ে আগত শিক্ষার্থীদের ওপর হামলা চালানো হয়।

এদিকে এ ঘটনার পর রাতেই বিশ্ববিদ্যালয়ের সামনের সড়কে আগুন জ্বালিয়ে অবরোধ ও বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। পরে সকালেও বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সমুখে বরিশাল-পটুয়াখালী মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এ ঘটনার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থার দাবি জানিয়েছেন তারা।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের ড. সুব্রত কুমার দাস জানান, রাতে স্বাদ পেয়ে তিনিসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক-কর্মকর্তারা ঘটনাস্থলে ছুটে যান। তিনি বলেন, আহত সব শিক্ষার্থীর চিকিৎসা নিশ্চিত করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

মত্তম ধারার টেলিক
আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy